


অগ্নি নির্বাপক হলো বিশেষ প্রেশারাইজড ডিভাইস যা আগুন নেভানোর জন্য রাসায়নিক বা পানি/জল প্রদান করে। এই রাসায়নিক বা পানি/জল আগুন ছড়ানো থেকে আটকায়, দমকল না আসা অবধি আগুনের সঙ্গে লড়াইতে সহায়তা করে এবং আপনাকে ও আপনার পরিবারের জন্য পালানোর রাস্তা খুঁজতে সহায়তা করতে পারে।

মনে রাখবেন: অগ্নি নির্বাপক দমকলের পরিবর্ত নয়। আপনার আগুন লাগার ঘটনা যত ছোটই মনে হোক না কেন সর্বদা প্রথমে দমকল বিভাগে ফোন করুন।



কীভাবে অগ্নি নির্বাপক কাজ করে?

আগুন লাগা হলো রাসায়নিক বিক্রিয়া যাকে দহন ক্রিয়া বলা হয়। আগুন জ্বলার জন্য জ্বালানি, অক্সিজেন ও তাপের প্রয়োজন হয়। অগ্নি নির্বাপক একটি "এজেন্ট" প্রয়োগ করে যা জ্বালানিকে শীতল করবে বা অক্সিজেন সীমিত বা অপসারণ করবে, ফলে আগুন জ্বলবে না। ছোট বাসায় আগুন লাগলে অগ্নি নির্বাপক দিয়ে দ্রুত নিয়ন্ত্রণে আনা যেতে পারে।

প্রতিটি বাসায় অন্তত একটি অগ্নি নির্বাপক থাকা দরকার। কিন্তু শুধুমাত্র নির্বাপক থাকাই পর্যাপ্ত নয়।

আগুন থেকে আহত মানুষজনদের এক তৃতীয়াংশ আগুন নিয়ন্ত্রণে আনতে বা নেভানোর চেষ্টা করার সময় আহত হন। আপনার দরকার সঠিক অগ্নি নির্বাপক এবং কীভাবে ও কখন তার ব্যবহার করতে হয় তা সম্পর্কে জানতে হবে



Homeland Security
and Emergency Services

OFFICE OF FIRE PREVENTION AND CONTROL

Harriman State Office Campus
1220 Washington Avenue
Building 7A, Floor 2
Albany, NY 12226
www.dhses.ny.gov/ofpc



বাসায় অগ্নি নির্বাপক


অগ্নি নির্বাপক ব্যবহার করার জন্য: নির্দেশনা বিস্তারিতভাবে জানতে আপনার নিজের অগ্নি নির্বাপকের লেবেল দেখুন।

টানুন

লক্ষ্য স্থির করুন

জোরে টিপুন

মুছুন



সঠিক অগ্নি নির্বাপক ব্যবহার করুন



সাধারণ দাহ্য পদার্থে যেমন কাঠ, কাগজ, কাপড়, গৃহসজ্জার সামগ্রী, প্লাস্টিক এবং অনুরূপ উপকরণে ক্লাস A আগুন লাগলে: পানি/জল বা শুষ্ক রাসায়নিকের লেবেল থাকা অগ্নি নির্বাপক ব্যবহার করুন।



দাহ্য তরল ও গ্যাস যেমন রান্না ঘরের গ্রিজ, পেইন্ট, তেল, কেরোসিন এবং গ্যাসোলিনের মতো ক্লাস B আগুন লাগলে: পানি/জল বা শুষ্ক রাসায়নিকের লেবেল থাকা অগ্নি নির্বাপক ব্যবহার করুন।
কখনই পানি/জল ব্যবহার করবেন না।



চলন্ত বৈদ্যুতিক সরঞ্জাম বা তার থেকে ক্লাস C আগুন লাগলে: শুষ্ক রাসায়নিক বা কার্বন ডাই-অক্সাইড লেবেল থাকা অগ্নি নির্বাপক ব্যবহার করুন। সম্ভব হলে প্রথমে বিদ্যুত সরবরাহ বন্ধ করুন। বিদ্যুত সরবরাহ বন্ধ হলে আগুন A বা B ক্লাসের হয়ে যাবে।
কখনই পানি/জল ব্যবহার করবেন না।

আপনার অগ্নি নির্বাপক সম্পর্কে জানুন

এক বা তার বেশি অগ্নি নির্বাপকের জন্য বিনিয়োগ করার আগে, আপনার সেগুলির দরকার আছে কিনা বিবেচনা করুন। কোথায় প্রথম আগুন লাগার সম্ভাবনা আছে? কী রকম ধরনের আগুন লাগতে পারে? সব ধরনের আগুনের ক্ষেত্রে সব ধরনের অগ্নি নির্বাপক কাজ করে না।

আপনার স্থানীয় দমকল বিভাগ থেকে জেনে নিন আপনার কোনটা লাগবে। দমকল বিভাগ আপনাকে আপনার বাসার জন্য সেরা অগ্নি নির্বাপকটি বাছতে সাহায্য করবে। এমন অগ্নি নির্বাপক বাছুন যা পরিবারের সকলেই সহজেই ব্যবহার করতে পারবে।

অগ্নি নির্বাপক নাগালের মধ্যেই রাখুন। দরজা বা প্রবেশদ্বারের কাছে শিশুদের থেকে দূরে রাখাই হলো সেরা স্থান। যেখানে আগুন লাগতে পারে তার পাশেই অগ্নি নির্বাপক রাখবেন না।

আগুনের ধোঁয়া, তাপ বা শিখার থেকে অগ্নি নির্বাপক দূরে রাখুন। অগ্নি নির্বাপক কোথায় রাখা থাকে ও কীভাবে তা ব্যবহার করতে হয় সেই বিষয়ে সকলেই জানে তা নিশ্চিত করুন।

জাতীয় স্বীকৃতি প্রাপ্ত টেস্টিং ল্যাবরেটরি, যেমন Underwriter's Laboratories (UL) বা Factory Mutual (FM) থেকে অগ্নি নির্বাপক কিনুন। ABC রেট থাকা অগ্নি নির্বাপক সব রকম আগুনের ক্ষেত্রে কার্যকর।

আগুন নেভানোর চেষ্টা করার আগে: প্রথমে দমকল বিভাগে ফোন করুন। অগ্নি নির্বাপক দমকলের বিকল্প নয়।

অগ্নিকান্ডটি ছোট ও ছড়াচ্ছে না। প্রতি দুই বা তিন মিনিটে অগ্নিকান্ডের আকার দ্বিগুণ হতে পারে।

যদি আপনি আগুন নিয়ন্ত্রণে না আনতে পারেন তাহলে আপনাকে দ্রুত বেরিয়ে আসতে হবে। আটকে পড়বেন না। আপনার ও বাইরে আসার পথের মধ্যে আগুন রয়েছে কিনা নিশ্চিত করুন।

যা পুড়ছে তার জন্য সঠিক অগ্নি নির্বাপক আপনার আছে। লেবেলটি পড়ুন! আগুন লাগার আগে কী ধরনের অগ্নি নির্বাপক আপনার আছে তা নিশ্চিত করুন।

আপনার অগ্নি নির্বাপক কাজ করছে। মাসে একবার অগ্নি নির্বাপক ক্ষতিগ্রস্ত হয়েছে নাকি, ক্ষয় হয়েছে নাকি, নষ্ট হয়ে গেছে ও ফুটো হয়ে গেছে নাকি দেখুন। অর্ধেক ব্যবহৃত অগ্নি নির্বাপক মানে সেটি খালি কিনা।

কীভাবে অগ্নি নির্বাপক ব্যবহার করতে হয় তা আপনি জানেন। আগুন জ্বলতে থাকার সময় নির্দেশনা পড়া মানে দেরি করা। আপনার স্থানীয় দমকল অফিসে অগ্নি নির্বাপকের প্রশিক্ষণ ক্লাসে যোগ দিন।

মনে রাখবেন:

স্মোক ডিটেক্টর হলো আগুন মোকাবেলা করার প্রথম ধাপ। অগ্নি নির্বাপক দিয়ে মোকাবেলা করা যাবে এমন আগুনের বিষয়ে আপনাকে সতর্ক করতে পারে এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো এই যে, স্মোক ডিটেক্টর থাকার কারণে আপনি ও আপনার পরিবার বেরিয়ে আসার পর্যাপ্ত সময় পান।

বাসায় আগুন লাগলে কীভাবে বেবোবেন তার একটি পরিকল্পনা তৈরি করে অনুশীলন করুন।

কোনও কারণে জ্বলন্ত বিল্ডিংয়ে কখনই যাবেন না।